

ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)
মডস জোন-৭

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪১২.৯০.০৪৬.২৩ নথির বিষয়: Repair and maintenance of 160 mm and 225 mm dia water line leakage at 339 Shampur, 226 Rosulbag and 7 Rosulpur under MODS Zone-7, Dhaka WASA

নোট: ১ নোটের বিষয়: Repair and maintenance of 160 mm and 225 mm dia water line leakage at 339 Shampur, 226 Rosulbag and 7 Rosulpur under MODS Zone-7, Dhaka WASA

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৬/৮/২৩ ৩:১৬ অপরাহ্ন

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সংযুক্ত ক্রমিকগুলি সদয় দেখা যেতে পারে। মডস জোন-৭ এর আওতাধীন ৩৩৯ শ্যামপুর, ২২৬ রসুলবাগ, ৭ রসুলপুর হোল্ডিং এর সামনে সর্বমোট ৩টি স্থানে ময়লা পানি পাওয়া ও পানি না পাওয়ার প্রেক্ষিতে জনসাধারণ ঢাকা ওয়াসার লিংক ১৬১৬২ এ (সংযুক্তি-৩) অভিযোগ করেন। উক্ত অভিযোগের প্রেক্ষিতে সহকারী প্রকৌশলীসহ সাইট পরিদর্শন করে দেখা যায়, বর্ণিত স্থান সমূহে ১৬০ মি.মি ও ২২৫ মি.মি ব্যাসের পানির লাইনে লিকেজ থাকায় পানির অপচয় হচ্ছে এবং গ্রাহক ময়লা পানি পাচ্ছে। এছাড়া রাস্তার পথচারী ও যানবাহন চলাচলে প্রতিবন্ধকতার সৃষ্টি হচ্ছে এবং ঢাকা ওয়াসার সম্মানিত গ্রাহকগণের ময়লা পানি পাওয়া সহ রাস্তা ক্ষতিগ্রস্ত হওয়ার সম্ভাবনা রয়েছে। এছাড়াও এলাকায় পানির সংকট দেখা দিতে পারে। পানির অপচয় রোধ করা এবং জনসাধারণের চলাচলের রাস্তা সংরক্ষণের স্বার্থে বর্ণিত এলাকার লিকেজসমূহ অত্যন্ত জরুরী ভিত্তিতে মেরামত ও রক্ষণাবেক্ষণ করা প্রয়োজন। তৎপ্রেক্ষিতে ময়লা পানি দূরীকরণ ও পানির লাইন লিকেজসমূহ মেরামত করার জন্য পূর্বানুমোদিত দরের (সংযুক্তি-৪) ভিত্তিতে একটি প্রাক্কলন (সংযুক্তি-৬) প্রস্তুত করা হয়েছে। যাতে মোট প্রাক্কলিত ব্যয়ের পরিমাণ ৪৯,২৪৯.০০ (উনপঞ্চাশ হাজার দুই শত উনপঞ্চাশ) টাকা মাত্র। উল্লেখ্য যে, বিভাগীয় কাজের স্বার্থে অত্র বিভাগের উপ-ভান্ডার হতে শুধু ইউপিভিসি পাইপ সরবরাহ করা হবে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৬/৮/২৩ ৩:১৭ অপরাহ্ন

আলোচ্য কাজটি চলতি ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র বিভাগের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার প্যাকেজ নং-বি -১৩.৫৩ (পানির লাইন রক্ষণাবেক্ষণ, থোক বরাদ্দ) হতে ব্যয়ভার বহন করা হবে।

সংযুক্তিসমূহ (৭):

- ১। ২০২৩-২০২৪ অর্থ বছরের অত্র জোনের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার ফটোকপি।
- ২। প্রস্তাবিত ঠিকাদারের (ট্রেড লাইসেন্স, ভ্যাট, ট্যাক্স, এনআইডি ইত্যাদি) প্রয়োজনীয় কাগজপত্রাদির কপি।
- ৩। ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগের কপি।
- ৪। পূর্বানুমোদিত দর।
- ৫। ক্যালকুলেশন শীট।
- ৬। প্রাক্কলন।
- ৭। প্রতিবেদন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৬/৮/২৩ ৩:১৮ অপরাহ্ন


আলোচ্য ক্রয় বাস্তবায়নে Procuring Entity হিসেবে Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কে রাখা হয়েছে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের দরপত্র আহ্বান, চুক্তি বাস্তবায়ন কাজসমূহ Executive Engineer, MODS Zone-7, Dhaka WASA কর্তৃক সম্পাদিত হবে।

অনুচ্ছেদ ১.৩ - তারিখ: ৬/৮/২৩ ৩:২৩ অপরাহ্ন


এমতাবস্থায়, “Repair and maintenance of 160 mm and 225 mm dia water line leakage at 339 Shampur, 226 Rosulbag and 7 Rosulpur under MODS Zone-7, Dhaka WASA” শীর্ষক মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজটি অতি জরুরী বিধায় ন্যূনতম সময়ে সম্পন্ন করার লক্ষ্যে পিপিআর-২০০৮ এর ৭৬ নং বিধির ১(ট) উপ-বিধি মোতাবেক সরাসরি চুক্তির মাধ্যমে ঠিকাদার মেসার্স সুনাম

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা


এন্টারপ্রাইজ এর মাধ্যমে সম্পাদনের নিমিত্তে পেশকৃত সর্বমোট ৪৯,২৪৯.০০ (উনপঞ্চাশ হাজার দুই শত উনপঞ্চাশ) টাকা মাত্র প্রাক্কলনটি সদয় অনুমোদন করা যেতে পারে। উল্লেখ্য যে, আলোচ্য কাজের প্রাক্কলনটি প্রধান প্রকৌশলী মহোদয়ের অনুমোদনের আওতাধীন। সবিনয়ে উপস্থাপন করা হ'ল।



৬/৮/২৩ ৩:২৬ অপরাহ্ন
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



৬/৮/২৩ ৪:১২ অপরাহ্ন
মোঃ আফজাল হোসেন
সহকারী প্রকৌশলী
মডস জোন-৭



৬/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭

৬/৮/২৩ ৫:০৭ অপরাহ্ন
~~মোঃ কামরুল হাসান~~
~~প্রধান প্রকৌশলী~~
~~প্রধান প্রকৌশলী (পরিচালন ও~~
~~রক্ষণাবেক্ষণ)~~

অনুচ্ছেদ ১.৪ - তারিখঃ ৬/৮/২৩ ৮:৩৮ অপরাহ্ন
অনুমোদিত



৬/৮/২৩ ৮:৩৯ অপরাহ্ন
মোঃ কামরুল হাসান
প্রধান প্রকৌশলী
প্রধান প্রকৌশলী (পরিচালন ও
রক্ষণাবেক্ষণ)

৬/৮/২৩ ৮:৩৯ অপরাহ্ন

~~মোঃ শাহ আলম~~
~~নির্বাহী প্রকৌশলী~~
~~মডস জোন-৭~~

অনুচ্ছেদ ১.৫ - তারিখঃ ৬/৮/২৩ ৮:৫৯ অপরাহ্ন

Please take necessary steps/actions according to the approval of paragraph 1.4



৬/৮/২৩ ৮:৫৯ অপরাহ্ন
মোঃ শাহ আলম
নির্বাহী প্রকৌশলী
মডস জোন-৭



৭/৮/২৩ ১২:৫১ অপরাহ্ন
পল সরকার
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৭